



Ph. No. : 8927854679 / 9434149882

W.B. GORAI (TELI / KALU) JANA KALYAN SAMITI

Reg. No.- Soo22087 of 2021-22

HEAD OFFICE : BANKURA, WEST BENGAL, PIN : 722101

Ref. No. : 18/TK/24

Date : 08/03/2024

পশ্চিমবঙ্গ গরাই (তেলি/কলু) জনকল্যাণ সমিতির সদস্যদের পালনীয় নিয়ম ও কর্তব্যসমূহ

1. সমিতির সদস্য ও পদাধিকারীগনকে সম্মান জানাতে হবে।
2. সমিতির কর্মসূচী ও সমিতির কাজ দায়িত্ব সহকারে পালন করতে হবে।
3. সমিতির সদস্যপদপ্রাপ্তির জন্য ন্যূনতম আঠারো বছর বয়স হতে হবে।
4. সমিতির নির্ধারিত সদস্যপদ মূল্য প্রতিবছর নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট পদাধিকারীর নিকট জমা করতে হবে।
5. সমিতির সদস্যগনকে সমিতি বিষয়ক কোনো বিভ্রান্তিমূলক প্রচার, সমিতির নাম করে প্রতারনামূলক কোনো কাজ করা চলবে না।
6. সমিতির কর্মসূচীতে যথাসময়ে যোগদান ও নির্ধারিত কর্তব্য দায়িত্ব সহকারে পালন করতে হবে।
7. সমিতির কোনো সদস্য বা পদাধিকারী ব্যক্তি অন্য কোনো সদস্য বা পদাধিকারীর সহিত কোনো সমস্যাজনিত কারনে যোগাযোগ করলে তাকে যথাসাধ্য সহযোগিতা করতে হবে।
8. সমিতির পক্ষ থেকে কোনো সদস্যকে ফোন করা হলে তা রিসিভ করতে হবে। কোনো কারনে রিসিভ করা না গেলে পরে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফোন ব্যাক করতে হবে।
9. সমিতির কোনো সদস্য অসুস্থ হলে তার খবরা খবর নিতে হবে ও প্রয়োজনে পাশে থাকতে হবে।
10. সমিতির সদস্যগনকে পারস্পরিক বাকবিতণ্ডা, অকথ্যভাষা প্রয়োগ থেকে বিরত থাকতে হবে। অন্যথায় সমিতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
11. সমিতির অভ্যন্তরীন বিষয়ক আলোচনা বাইরে প্রকাশ করা চলবে না।




Secretary / President
Paschimbanga Garai Teli Kalu
Janakalyan Samiti



Ph. No. : 8927854679 / 9434149882

W.B. GORAI (TELI / KALU) JANA KALYAN SAMITI

Reg. No.- Soo22087 of 2021-22

HEAD OFFICE : BANKURA, WEST BENGAL, PIN : 722101

18/TK/24

Ref. No.

08/03/2024

Date :

12. জনকল্যান সামিতির সদস্য দের সহানুভূতিশীল উদারিকতা মহান মানসিকতা সব সময় বড় মনের পরিচয় খুবই গুরুত্বপূর্ণ।

13. আপনার ব্যক্তি স্বার্থের কথা চিন্তা না করে সমিতির স্বার্থে নিঃস্বার্থভাবে কাজ করতে হইবে সদস্য দের।

14. সমিতির ও সমাজের জন্য স্বার্থত্যাগ স্বীকার করে, আপনার গর্বের সমিতির সদস্য হয়ে, আপনি নিজেকে গর্বিত বোধ করতে পারেন।

*** সাংগঠনিক নিয়মাবলী ***

1. সমিতির নিম্নস্তরীয় সংগঠন হবে অঞ্চলভিত্তিক। সংশ্লিষ্ট অঞ্চলে যেসকল গ্রামে আমাদের জাতির লোকজন আছেন তাদের মধ্যে থেকে সর্বোচ্চ 25 জন ব্যক্তিকে নিয়ে অঞ্চল কমিটি গঠন করতে হবে। তবে শহরাঞ্চলের ক্ষেত্রে টাউন কমিটি থাকবে।

2. প্রতিটি অঞ্চল থেকে সক্রিয় সদস্যদের নিয়ে ব্লক কমিটি গঠিত হবে। ব্লক কমিটির সদস্য সংখ্যা হবে 31থেকে 35 জন। পদাধিকার বলে অঞ্চল কমিটির সভাপতি ও সম্পাদক ব্লক কমিটির সদস্য হবেন।

3. প্রতিটি ব্লক থেকে ন্যূনতম একজন সক্রিয় ও সমাজপ্রেমী ব্যক্তিকে নিয়ে জেলা কমিটি গঠিত হবে। ব্লক কমিটির সভাপতি ও সম্পাদক পদাধিকার বলে জেলা কমিটির সদস্য হবেন।

4. সমিতির প্রতি স্তরীয় কমিটির সিদ্ধান্ত গ্রহনের জন্য উর্দ্ধতন কমিটির অনুমোদন আবশ্যিক। উর্দ্ধতন কমিটির অনুমোদন না নিয়ে যদি কোনো কমিটি সিদ্ধান্ত গ্রহন ও রূপায়ন করে তাহা হলে উর্দ্ধতন কমিটি সংশ্লিষ্ট নিম্নস্তরীয় কমিটিকে শোকজ করতে পারে। শোকজের উত্তর সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট নিম্নস্তরীয় কমিটিকে ভেঙে পুনর্গঠন করতে পারে।

5. সমিতির সর্বোচ্চ নীতিনির্দারক সংস্থা হলো রাজ্যকমিটি। প্রতি জেলা থেকে ন্যূনতম একজন সক্রিয় সমাজদরদী ব্যক্তিকে নিয়ে রাজ্য কমিটি গঠিত হবে। রাজ্য কমিটির পদাধিকারী ব্যক্তি কোনো নিম্নস্তরীয় কমিটিতে গুরুত্বপূর্ণ পদে থাকতে পারবেন না।




Moulee
Secretary / President
Paschimbanga Garai Teli Kalu
Janakalyan Samiti



Ph. No. : 8927854679 / 9434149882

W.B. GORAI (TELI / KALU) JANA KALYAN SAMITI

Reg. No.- Soo22087 of 2021-22

HEAD OFFICE : BANKURA, WEST BENGAL, PIN : 722101

Ref. No. : 18/TK/24

Date : 08/03/2024

6. সদস্যসংগ্রহ বাবদ প্রাপ্ত অর্থের 30% ব্লক কমিটি, 50% জেলা কমিটি ও 20% রাজ্য কমিটির মধ্যে বণ্টিত হবে। তবে সমিতির অর্থ কোনো অবস্থাতেই ব্যক্তিগত একাউন্টে রাখা যাবে না। ব্লক ও জেলার একাউন্টে না হওয়া পর্যন্ত সমস্ত অর্থ রাজ্য কমিটির একাউন্টেই গচ্ছিত থাকবে।

তবে ব্লক ও জেলা কমিটি নিজ নিজ এলাকায় সদস্যপদের প্রাপ্ত অর্থের রেজিস্টার তৈরী করতে পারে ও নিজ এলাকার সদস্যপদ বাবদ প্রাপ্ত অর্থ কর্মসূচী রূপায়নের ক্ষেত্রে সংগ্রহ করতে পারে।

7. কোনো ব্যক্তি সংগঠন তথা সমাজের জন্য প্রশংসনীয় কাজ করলে তাকে সমিতির পক্ষ থেকে সম্মাননা ও পুরস্কার প্রদান করা হবে।

8. অর্থসংক্রান্ত হিসেব-নিকেশ প্রতি বছর সম্মেলনে লিখিত আকারে পেশ করা হবে। পরে কোনো সদস্যের অর্থ সংক্রান্ত জিজ্ঞাস্য থাকলে সমিতির সংশ্লিষ্ট সম্পাদকের নিকট লিখিত আকারে আবেদন করতে হবে।

9. সমিতির অর্থসংশ্লিষ্ট কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যয় হবে। তবে বিশেষ ক্ষেত্রে সমিতির সংশ্লিষ্ট কমিটির সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ নিজেদের মধ্যে শলা করে ব্যয় করতে পারবেন।

10. সমিতির সদস্যপদ গহন করার জন্য সদস্য ফর্ম পূরণ করে জমা দিতে হবে সমিতির অফিসে ও(বার্ষিক ১১০ টাকা) জমা দিতে হবে এক বছর সদস্য পদের মেয়াদ থাকবে নতুন বছরে বেনু করতে হবে।

11. আপনি সমিতির সদস্যপদ গহন করলে সমিতির নিকট যে কোনো সহযোগিতা জন্য আবেদন করতে পারবেন।

পশ্চিমবঙ্গ গরাই তেলি / কলু জন কল্যান সমিতির রাজ্য কমিটির সিদ্ধান্ত গুলি মানিয়া চলতে হইবে।




Secretary / President
Paschimbanga Garai Teli Kalu
Janakalyan Samiti

মাননীয় সমিতির হোয়াটস্যাপ গ্রুপে সদস্যবৃন্দ আবেদন

*পশ্চিমবঙ্গ গরাই তেলি /কলু জন কল্যান সমিতি গঠনের উদ্দেশ্যে সংগঠন কে আরো মজবুত ও সহজ ভাবে সদস্য যোগাযোগের উদ্দেশ্যে রাজ্য হোয়াটস্যাপ গ্রুপ, জেলা হোয়াটস্যাপ গ্রুপ, ব্লক হোয়াটস্যাপ গ্রুপ ইত্যাদি গ্রুপ থেকে
“হোয়াটস্যাপ গ্রুপের নিয়মগুলি সকলের কাছে গ্রুপের নিম্নোক্ত মেনে চলার আবেদন রাখলাম।

সদস্যরা নিয়মিত সুবিধা অসুবিধা মন্তব্য জানাতে পারবেন।

১। সমিতির ১৮ বছরের উর্দ্ধে হলে সদস্য হতে পারবেন, সমিতির সদস্য ফর্ম পূরণ করে জমা দিতে হবে, তাহলে আপনি
সমিতির স্থায়ী সদস্য হতে পারবেন।

২। আপনি যে ব্লকে,জেলায় স্থায়ী বাসিন্দা সেই এলাকার সমিতির গ্রুপে একমাত্র যুক্ত থাকতে পারবেন।

৩। আমাদের সমিতি গ্রুপ অরাজনৈতিক সংগঠন এখানে কোনো রাজনৈতিক আলোচনা,বিতর্ক করা, ছবি পোষ্ট করা যাবে
না।

৪। কাহারো কোন রূপ কারোর প্রতি অভিযোগ থাকলে কোন ভাবেই সমিতির গ্রুপে দেওয়া যাবে না, সমিতির সম্পাদক/
সভাপতির কাছে জানতে হবে, আলোচনা মধ্যে তা সমস্যার সমাধান করা হইবে।

৫। সমিতি বিষয় ও গরাই পারিবারিক বিষয় ছাড়া অন্যান্য কোনো অপ্রয়োজনীয় ছবি/ ভিডিও পোস্ট করা যাবে না, টাইপ
করে সুপ্রভাত জানতে পারেন।

৬। সমিতির গ্রুপ থেকে ফোন নাম্বার নিয়ে অপব্যবহার করা যাবে না।

৭। সমিতির বিষয়, আমাদের জাতির উন্নয়নের বিষয় এ ও প্রয়োজনীয় বিশেষ কোনো খবর ছাড়া অন্য কোনো বিষয় এ
আলোচনা বিতর্ক করা যাবে না।

৮। সমিতির বিষয়ে প্রাত্যহিক ভাবে আলোচনাতে যুক্ত থেকে সদস্য সংখ্যা বৃদ্ধিতে ও সংগঠন এর মজবুতিতে সহযোগিতা
করতে হবে।

৯। সপ্তাহে একদিন শনিবার গরাই পরিবারের ব্যবসায়িক বিজ্ঞাপন দেবার জন্য সদস্য দের অনুরোধ করা যাইতেছে।

১০। সপ্তাহে একদিন (রবিবার) গরাই তেলি /কলু পরিবারের জন্য পাত্র/ পাত্রী বিজ্ঞাপন দেওয়া যাবে। (গ্রুপ অ্যাডমিন
হোয়াটস্যাপ সেন্ড করবেন)

১১। রাজ্য কমিটির পদাধিকারী ও সমিতির গ্রুপে যিনি দায়িত্বে থাকবেন উনারা একমাত্র প্রত্যেক জেলার গ্রুপে থাকবেন ও জেলার পদাধিকারী গণ প্রত্যেক ব্লক কমিটির গ্রুপে যুক্ত থাকবেন।

১২। একমাত্র কল্প/তেলি সাব কাস্ট তারা একমাত্র সমিতির গ্রুপে থাকতে পারবেন। আমাদের সমাজের মেয়ে যদি ভিন্ন সম্প্রদায়ে বিবাহ করেন, তাহলে আমাদের সমিতির সদস্য হতে পারবেন না।

১৩। সমিতির গ্রুপের সদস্য কে হমকি, গালিগালাজ, অশালীন ভাষায় কথা বলা যাবে না।

১৪। সমিতির উন্নতির ও সমাজের উন্নতি বিষয় সুষ্ঠুভাবে ও সকলকে সম্মান জানিয়ে আলোচনা করতে হইবে।

১৫। নিজেদের পরিবারের সদস্যদের প্রতিভানাচ, গান, আবৃত্তি কবিতা, হাতের কাজ ইত্যাদি), বিশেষ অনুষ্ঠানের ছবি (১/২ টি) পোস্ট করা যেতে পারে।

১৬। মহিলা সদস্যদের জন্য রাজ্য কমিটির মহিলা গ্রুপে যুক্ত থাকিতে পারবেন। শিবদাস বাবু বা মহিলা সভা নেতীর সঙ্গে যোগযোগ করতে হইবে।

১৭। রাজ্য কমিটির টেলিগ্রাম গ্রুপে সব জেলার সমস্ত সদস্যরা যুক্ত থাকিতে পারবেন।

১৮। এই গ্রুপ টি আমার, আপনার তাই বজায় রাখুন গ্রুপ এর পরিবেশ সুস্থ রাখুন।

১৯। সমিতির গ্রুপের যদি নিয়ম মেনে না চলেন, তাহলে সম্মানের সঙ্গে বেরিয়ে যেতে পারেন। অযথা গ্রুপে পরিবেশ নষ্ট করবেন না।

২০। সমিতির পদাধিকারী ব্যক্তিরা প্রত্যেক গ্রুপে এডমিন হিসাবে নিযুক্ত থাকবেন তার সঙ্গে যারা গ্রুপ ওপেন করেছেন দীর্ঘদিন গ্রুপে আছেন এডমিন হিসাবে, উনারাও অবশ্যই অ্যাডমিন দায়িত্ব পালন করিবেন।

২১। সমিতির গ্রুপ এডমিন এর দায়িত্ব সব সময় গ্রুপটি খেয়াল রাখা, গ্রুপে সদস্য সংখ্যা বৃদ্ধি করা, তার সঙ্গে গ্রুপের সদস্যরা সঠিক নিয়ম মেনে যদি না চলে তাহলে তাদেরকেই সতর্ক করতে হবে।

যদি সতর্ক করার পরও নিয়ম না মেনে চলেন তাহলে যে কোন এডমিন সেই সদস্যকেই গ্রুপ থেকে বিতাড়িত করতে বাধ্য হইবে তার জন্য কারো অনুমতি প্রয়োজন হবে না।

২২। এডমিনের কর্তব্য যদি কোনো এডমিন পালন না করে থাকেন, তাহলে এডমিন দায়িত্ব থেকে সরে যেতে হবে। নতুন সক্রিয় এডমিন হিসাবে গ্রুপে যুক্ত করা হইবে।

২৩। অ্যাডমিনদের নতুন সদস্যদের গ্রুপে যুক্ত করতে হইলে তাহাদেরকে সমিতির গ্রুপের নিয়ম -কানুন ভালোভাবে জানিয়ে গ্রুপে যুক্ত করতে হইবে তার জন্য গ্রুপের এডমিনদের নিয়ম জানা অবশ্যই দরকার।

২৪। গ্রন্থ এডমিনিস্ট্রেশন অনুরোধ যে কোনো অবস্থাতেই মহিলা সদস্যদের মহিলা গ্রন্থ ছাড়া অন্য কোন গ্রন্থে যুক্ত করিবেন না। তাছাড়া কোন সমস্যায় পরিলে সমিতি কোন অবস্থাতেই সাহায্য করিতে পারিবেন না।

২৫। পাত্র/পাত্রী ও ব্যবসায়িক বিজ্ঞাপন টেলিগ্রাম মেন গ্রন্থে প্রকাশ করা হইবোতাই সকলের টেলিগ্রাম অ্যাপ ও অ্যাড থাকা প্রয়োজন।

২৬। রাজ্য কমিটির অনুমোদন ছাড়া পঃবঃগরাই তেলিকলু জনকল্যাণ সমিতির কোন গ্রন্থ করা যাইবে না।

যদি কেহ করেন

পঃবঃগরাই তেলিকলু জনকল্যাণ সমিতির নামে তাহা সমিতির বলে বিবেচনা করা বা কোন দায়দায়িত্ব সমিতির থাকিবে না।

ধন্যবাদ,

শ্রী মানবেন্দ্র গরাই

রাজ্য সম্পাদক

পশ্চিমবঙ্গ গরাই তেলি /জন কল্যাণ সমিতি

গত: রেজিঃ নং - S0022087

বিঃদ্রঃ - রাজ্য কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত।